

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
জেলা প্রাথমিক শিক্ষা অফিস, লক্ষ্মীপুর।
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
dpeoloxmi@gmail.com

জরুরি

স্মারক নম্বর: ৩৮.০১.৫১০০.০০০.২৫.০০৫.১৯.৪৭

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৫

২১ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: পিটিআইসমূহে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য আইসিটি-ইন-এডুকেশন বিষয়ক প্রশিক্ষণে শিক্ষক মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.৬০০.২৫.০৩৪.১৮.৮৫, তারিখ: ১৯/০২/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে লক্ষ্মীপুর পিটিআইয়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য আইসিটি-ইন-এডুকেশন বিষয়ক প্রশিক্ষণে শিক্ষক মনোনয়ন প্রদান বিষয়ে প্রাপ্ত পত্রখানা এতদসঙ্গে প্রেরণ করা হলো। মূল পত্রের নির্দেশনা অনুসরণপূর্বক ঠার উপজেলার যেসব বিদ্যালয়ের কোন শিক্ষক ইতোপূর্বে আইসিটি-ইন-এডুকেশন প্রশিক্ষণ পাননি সেসব বিদ্যালয়ের অনূর্ধ্ব ৪৫ বছর বয়সী শিক্ষকদের প্রতিটি বিদ্যালয় হতে ১(এক)জন করে শিক্ষককে মনোনীত করত: নিম্নবর্ণিত ছকে তথ্যাদি আবশ্যিকভাবে আগামী ২৪/০২/২০১৯ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে এ কার্যালয়ের ইমেইলে সফট কপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্র: নং	শিক্ষকের নাম	পদবি	বিদ্যালয়ের নাম	মোবাইল নং	বিদ্যালয়ে ল্যাপটপ পেয়েছে কি না (হ্যাঁ/না)

১. মনোনীত শিক্ষকদের তথ্যাদি আবশ্যিকভাবে Training tracking Software-এ এন্ট্রি দিতে হবে।
২. ইতোপূর্বে আইসিটি-ইন-এডুকেশন প্রশিক্ষণ পেয়েছেন এমন বিদ্যালয়ের কোন শিক্ষককে এ প্রশিক্ষণের জন্য মনোনয়ন প্রদান করা যাবে না।
৩. ল্যাপটপ বিতরণ করা হয়েছে কিন্তু কোন শিক্ষক আইসিটি-ইন-এডুকেশন প্রশিক্ষণ পাননি ঐসব বিদ্যালয়ের শিক্ষকদের অগ্রাধিকার ভিত্তিতে মনোনয়ন প্রদান করতে হবে।
৪. নির্ধারিত ছকে চাহিত তথ্যাদি যথাসময়ে প্রেরণ করা আবশ্যিক। ঠার প্রেরিত মনোনীত শিক্ষকদের মধ্য হতে প্রতি ব্যাচে ২৫ জন করে মোট ৫(পাঁচ) ব্যাচে লক্ষ্মীপুর পিটিআই-এ ডেপুটেশন প্রদান করা হবে।

১৯-২-২০১৯

আবু জাফর মো: সালেহ
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

উপজেলা শিক্ষা অফিসার (সকল)

উপজেলা:রামগতি/রায়পুর/রামগঞ্জ/লক্ষ্মীপুর সদর/কমলনগর,
জেলা:লক্ষ্মীপুর।

স্মারক নম্বর: ৩৮.০১.৫১০০.০০০.২৫.০০৫.১৯.৪৭/১

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৫

২১ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: পরিচালক (প্রশিক্ষণ)]
- ২) উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩) সুপারিনটেনডেন্ট, পিটিআই, লক্ষ্মীপুর।